গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ট্রাস্টি বোর্ডের কার্যালয় (অস্থায়ী)
বিআরটিএ ভবন, নতুন বিমান বন্দর সড়ক,
বনানী, ঢাকা-১২১২

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৫.০৪.৯০.২১-৩৮৭ তারিখ: ২৪.০৯.২০২৪ খ্রি.

## অফিস আদেশ

সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের আর্থিক সহায়তা প্রদানের লক্ষ্যে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৫৪ (১) উপধারা অনুসারে ট্রাস্টি বোর্ড গঠন করা হয়। এ লক্ষ্যে গত ২৭ ডিসেম্বর, ২০২২ খ্রি. তারিখে সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ কার্যকর হওয়ার মাধ্যমে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের আর্থিক সহায়তা প্রাপ্তির আবেদন নির্ধারিত ফর্ম-৩২ এর মাধ্যমে চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড, বিআরটিএ ভবন, নতুন বিমান বন্দর সড়ক, বনানী, ঢাকা-১২১২ বরাবর গ্রহণ করা হচ্ছে। ট্রাস্টি বোর্ডের গত ০১.০৯.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত ৯ম সভার সিদ্ধান্ত ক্রম-০৯ অনুসারে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের দ্রুততম সময়ে আর্থিক সহায়তা প্রদান করার লক্ষ্যে বিআরটিএ'র সকল জেলা সার্কেল অফিস ও মেট্রো সার্কেল অফিসে দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের আর্থিক সহায়তার আবেদন নির্ধারিত ফর্ম-৩২ এর মাধ্যমে চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড এর পক্ষে গ্রহণ ও অনুসন্ধানপূর্বক প্রতিবেদন চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত রয়েছে।

এমতাবস্থায়, আগামী ০১.১০.২০২৪খ্রি. তারিখ হতে বিআরটিএ'র সকল জেলা সার্কেল অফিস ও মেট্রো সার্কেল অফিসে আবেদন পত্র গ্রহণ এবং অনুসন্ধানপূর্বক প্রতিবেদন চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড বরাবর প্রেরণ করার অনুরোধ করা হলো।

**<u>আবেদন গ্রহণ ও অনুসন্ধান প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশনাবলী অনুসরণ করতে হবে :</u>**

ক) সড়ক পরিবহন বিধিমালার নির্ধারিত ৩২ নং ফর্মের মাধ্যমে আবেদন গ্রহণ এবং রেজিস্টারে অন্তর্ভুক্তকরণ;
খ) অধিক্ষেত্র এলাকায় সংঘটিত সড়ক দুর্ঘটনার সত্যতা যাচাই ও বিধিমালার ফরম নং-৩২ অনুযায়ী প্রাপ্ত আবেদনের তথ্যাদি যাচাই;
খ) বৈধ ওয়ারিশ সনদ/বৈধ অভিভাবক, মৃত্যু সনদ, জাতীয় পরিচয়পত্র/জন্মসনদ ইত্যাদি যাচাই;
গ) যার নামে আর্থিক সহায়তার চেক প্রদান করা হবে তার পক্ষে যাবতীয় কাগজপত্র/তথ্যাদি বিবেচনায় সুপারিশ;
ঘ) সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণকারী/আহত ব্যক্তির অনুকূলে মঞ্জুরিকৃত অর্থের চেক গ্রহণকারীর ৩০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে স্বাক্ষরসহ ক্ষমতাপত্র এবং নাবালক/নাবালিকা ওয়ারিশের ক্ষেত্রে বৈধ অভিভাবক কর্তৃক ভরণ পোষণ ও দেখাশোনার বিষয়ে নন জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনা প্রদান;
(ঙ) আর্থিক সহায়তার আবেদন প্রাপ্তির পর বিধিমোতাবেক স্থায়ী অনুসন্ধান কমিটি যাচাই-বাছাই/অনুসন্ধানপূর্বক নির্ধারিত সময়ে চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড বরাবর অনুসন্ধান প্রতিবেদন দাখিল করবেন।
(চ) প্রতি মাসের ০১ তারিখে মাসিক প্রতিবেদন নির্ধারিত ছকে চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড বরাবর হার্ডকপি এবং dal@brta.gov.bd/ ddlaw@brta.gov.bd উক্ত প্রতিবেদনের স্বাক্ষরিত স্ক্যান কপি ও সফটকপি ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে।
(ছ) বাতিলকৃত আবেদনের ক্ষেত্রে পত্র মারফত আবেদন বাতিল হওয়ার কারণসহ আবেদনকারীকে জানিয়ে দিতে হবে।
(জ) ফর্ম ৩৩ সংক্রান্ত কোন আবেদন মেট্রো/জেলা পর্যায়ে গৃহীত হবে না।

স্বাক্ষরিত-২৪.০৯.২০২৪
গৌতম চন্দ্র পাল
(অতিরিক্ত সচিব)
চেয়ারম্যান, বিআরটিএ
ও
চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড
ফোন: ৫৫০৪০৭১১

**<u>বিতরণ:</u>**
সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ ও সদস্য সচিব, স্থায়ী অনুসন্ধান কমিটি, ট্রাস্টি বোর্ড................. (সকল মেট্রো/জেলা সার্কেল)।

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৫.০৪.৯০.২১-৩৮৭/১(১০) তারিখ:২৪.০৯.২০২৪ খ্রি.

**<u>অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>**
১। বিভাগীয় কমিশনার..............................................(সকল);
২। পুলিশ কমিশনার..............................................(সকল);
৩। সচিব, ট্রাস্টি বোর্ড, ট্রাস্টি বোর্ডের কার্যালয়, বিআরটিএ ভবন, বনানী, ঢাকা-১২১২।
৪। জেলা প্রশাসক ......................................................(সকল);
৫। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬। সিনিয়র সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭। মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা;
৮। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা;
৯। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা (তাঁকে বিআরটিএ'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০। সংশ্লিষ্ট নথি।

২৪.৯.২৪

মোহাম্মদ কামরুল ইসলাম চৌধুরী
যুগ্মসচিব
পরিচালক (অডিট ও আইন) (অ:দা:)
ও
সচিব
ট্রাস্টি বোর্ড